

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ পানাহার রচয়িতা/সঙ্কলকঃ আবদূল হামীদ ফাইযী

মাছ মারা গিয়ে পানির উপর ভেসে থাকলে তা খাওয়া বৈধ কি না?

মহানবী (সঃ) বলেছেন, "সমুদ্রের পানি পবিত্র এবং তার মৃত হালাল।" (আহমাদ, সুনান আরবাআহ প্রমুখ, সিলসিলাহ সহিহাহ ৪৮০ নং) এই হাদিস থেকে এই কথা বুঝা যায় যে, মাছ মারা গিয়ে পানির উপর ভেসে উঠলেও তা হালাল। পক্ষান্তরে মাছ মরে গিয়ে পানির উপর ভেসে উঠলে তা খাওয়া নিষেধ হওয়ার ব্যাপারে হাদিস সহিহ নয়। (সিলসিলাহ সহিহাহ ১/৮৬৪) বরং পাঁইটে ভাসা আম্বর মাছ সাহাবাদের খাওয়ার ব্যাপারে ঘটনা হাদিসে প্রসিদ্ধ। আর তারা নিরুপায় ছিলেন বলেই নয়, যেহেতু মহানবী (সঃ) ও সেই মাছের কিছু অংশ খেয়েছিলেন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2218

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন